২৬/৯/২০০১

দৈনিক পূর্বকোণ

তারিখ ... পৃ: ৬ কলাম ...১...

# আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

১৫৪/এ কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম।

সূত্র নং : ১৬৪৬/১১.৪(৩)/২০০১

তারিখ : ২৩/৯/২০০১

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব কর্তৃক কয়েকটি দৈনিকে প্রকাশিত একটি বিজ্ঞপ্তির প্রতি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (IIUC) কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বর্তমানে IIUC'র ঢাকা ক্যাম্পাসের অনুমতির বিষয়টি বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে। এ বিষয়ে আমরা শিক্ষামন্ত্রণালয়ের সচিব বরাবরে গত ২৭-০৮-২০০১ তারিখে (সূত্র ১৬০১.৪.১ বি ২০০১) পত্র দিয়েছি । তা মন্ত্রণালয়ের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে। বিগত ২৯ আগষ্ট ২০০১ মাননীয় শিক্ষা উপদেষ্টার সভাপতিত্বে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরবৃন্দের একটি সভা অনুষ্ঠিত হয়। সেখানে মঞ্জুরী কমিশনের চেয়ারম্যানও উপস্থিত ছিলেন। এ সময় বেসরকারী বিশ্ববিদ্যালয়ের নানাবিধ সমস্যার কথা উপাচার্যবর্গ তুলে ধরেন। যার মধ্যে শাখা ক্যাম্পাসের বিষয়টিও গুরুত্বসহকারে আলোচিত হয়। শাখা ক্যাম্পাসের বিষয়টিসহ অন্যান্য সমস্যা সম্পর্কে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ (সংশোধন ১৯৯৮) সংশোধনের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে এ সভায় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যানকে আহবায়ক করে চার জন উপাচার্যসহ আরো কয়েকজন সদস্য নিয়ে একটি কমিটি গঠিত হয়েছে।

এখানে আরো উল্লেখ করা যেতে পারে যে, শাখা ক্যাম্পাসের বিষয়টি নিয়ে আলোচনার জন্য IIUC'র উপাচার্যসহ আরো ২জন উপাচার্য বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে ১৯শে আগষ্ট ২০০১ সাক্ষাৎ করলে তিনি বিষয়টি সক্রিয় বিবেচনার আশ্বাস দেন এবং মহামান্য রাষ্ট্রপতিকে আলাদা আলাদাভাবে পত্র প্রদানের জন্য ভাইস চ্যান্সেলরগণকে পরামর্শ দেন। মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ আলী গত ২/৯/২০০১ তারিখে মহামান্য রাষ্ট্রপতির নিকট এ প্রসঙ্গে পত্র প্রদান করেন।

উপরোক্ত বৈঠকের আলোকে শাখা ক্যাম্পাস সম্পর্কে শিক্ষামন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়কে পত্র দেয়া হয়। পত্রে বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্বার্থে এবং দেশে উচ্চশিক্ষা বিস্তারের সুযোগ বৃদ্ধিতে সরকারকে সহায়তা দানের উদ্দেশ্যে শাখা ক্যাম্পাসে ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া অব্যাহত রাখার কথা দ্ব্যর্থহীন ভাষায় উল্লেখ করা হয়েছে এবং শাখা ক্যাম্পাসকে অনুমোদন দানের অনুরোধ জানানো হয়েছে। সুতরাং বিষয়টি এখনো বিবেচনাধীন রয়েছে। এ প্রসঙ্গে শেষ কথা বলার কোন অবকাশ আছে বলে আমরা মনে করিনা। উল্লেখ্য যে, শাখা ক্যাম্পাস এর বিষয়টি আরো ৩টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গেও সম্পর্কিত।

IIUC'র ঢাকা ক্যাম্পাসে অধ্যয়নরত সকল ছাত্র ছাত্রী ও তাদের অভিভাবকগণের সংশয় নিরসনের লক্ষ্যে IIUC'র পক্ষ থেকে বিষয়টির বিশদ ব্যাখ্যা প্রদান করা হল।